

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৬.১৮-৩০

তারিখঃ ২৪ পৌষ ১৪২৬
০৮ জানুয়ারি ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১১৩৯২/২০১৫ মামলায় ১৬.০৭.১৯ তারিখে প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতের বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি টিএমইডিতে প্রেরণ।

সূত্র: (১) ঘনিরামপুর আল-হদা আদর্শ দাখিল মাদ্রাসা, তারাগঞ্জ, রংপুর এর স্মারক নং-ঘনি:মা: ০৫/১৯ তারিখ: ১৩.১১.১৯ খ্রি।।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০০৪.১৯-৩৭৪ তারিখ: ২১.১১.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন ঘনিরামপুর আলহদা আদর্শ দাখিল মাদ্রাসাটি গত ১৯৯৩ সনে প্রতিষ্ঠিত হয়ে ০১.০১.৯৬ তারিখে প্রাথমিক অনুমতি এবং ০১.০১.৯৭ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক একাডেমিক স্বীকৃতি লাভ করে মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২। প্রতি বছর পাবলিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৪/৪/২০০০ খ্রি. তারিখে ১৯৯৯-২০০০ অর্থবছরে প্রকাশিত এমপিও তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানটি ৫৫ নং ক্রমিকে অন্তর্ভুক্ত করা হয়।

০৩। উক্ত জি.ও মোতাবেক শিক্ষকবৃন্দের বেতন ভাতা (এমপিও) প্রদানের প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাসময়ে (ব্যানবেইস) জমা দেয়া হয়। কিন্তু কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে গত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২০.০৮.২০০০ খ্রি. তারিখের ২৪০-শিক্ষা সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির এমপিওভুক্তির আদেশ বাতিল করা হয়।

০৪। মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক পুনরায় এমপিওভুক্তির বিষয়টি বিবেচনার জন্য আবেদন করা হলে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৫.০১.২০০১ তারিখের ৯৮ সংখ্যক স্মারকমূলে এমপিওভুক্তির আদেশটি পুনর্বহাল করা হয়। কিন্তু শিক্ষক-কর্মচারীগণকে বেতন ভাতা (এমপিও) প্রদান না করায় বর্ণিত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৩৯২/২০১৫ দায়ের করা হয়।

০৫। বর্ণিত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১৬.০৭.১৯ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:
Accordingly, the Rule is made absolute. The respondents are directed to release the MPO (Monthly Pay Order) to the petitioner's Madrasha by including the name of the teachers and staffs pursuant to the Office Order dated 25.01.2001 within 90 (ninety) days from the date of receipt of a copy of this Judgment and Order.

০৬। উক্ত রায়ের আলোকে রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন ঘনিরামপুর আল-হদা আদর্শ দাখিল মাদ্রাসা এমপিওভুক্ত করে উক্ত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর সূত্র (১) মূলে আবেদন করা হয়।

০৭। উল্লেখ্য, রিট পিটিশন নং-১১৩৯২/২০১৫ মামলায় ১৬.০৭.১৯ খ্রি. তারিখের রায় সরকারের প্রতিকূলে ঘোষিত হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীড টু আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য DME এর বিজ্ঞ কৌশলীকে অনুরোধ জানিয়ে মহোদয় কর্তৃক সূত্র (২) মূলে পত্র প্রেরণ করা হয়েছে।

০৮। বর্ণিত রিট মামলার রায়ের বিরুদ্ধে মহোদয় কর্তৃক আপীল দায়ের করা হয়েছে কিনা, হয়ে থাকলে আপীল মামলার হালনাগাদ তথ্য জানা আবশ্যিক।

০৯। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১৩৯২/২০১৫ মামলায় গত ১৬.০৭.১৯ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ২০.০১.২০ তারিখের মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফল লীড টু আপীল (CPLA) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ হালনাগাদ তথ্যাদি টিএমইডিকে অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মেম-সাঁ: খালেক মিঞা) ৫/১০/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জনাব মো: ওবায়দুল্লাহ, সুপারিনটেনডেন্ট, ঘনিরামপুর আল-হদা আদর্শ দাখিল মাদ্রাসা, ডাক-তারাগঞ্জ, উপজেলা-তারাগঞ্জ, জেলা-রংপুর।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।